



**WEST BENGAL STATE UNIVERSITY**  
B.A. Honours 3rd Semester Supplementary Examination, 2021

**BNGACOR06T-BENGALI (CC6)**

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।  
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাও ১০×৪ = ৪০  
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হওয়া বাঞ্ছনীয়)

**একক - ১**

১। ন্যাশনাল থিয়েটার কবে প্রতিষ্ঠিত হয়েছিল? ন্যাশনাল থিয়েটার প্রতিষ্ঠার প্রয়োজনীয়তা কতটা ছিল সে ১+৯  
বিষয়ে একটি নাতিদীর্ঘ নিবন্ধ রচনা করো।

**অথবা**

বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে বেলগাছিয়া নাট্যশালার অবদান আলোচনা করো। ১০

**একক - ২**

২। ঐতিহাসিক নাটক হিসাবে ‘কৃষ্ণকুমারী’ নাটকটি কতদূর সার্থক হয়েছে তা আলোচনা করো। ১০

**অথবা**

ভীমসিংহ চরিত্রের গুরুত্ব বিচার করো। ১০

**একক - ৩**

৩। “রবীন্দ্রনাথ ঠাকুর বিশেষ দর্শনে ‘রাজা’ চরিত্রটিকে নির্মাণ করেছেন” — আলোচনা করো। ১০

**অথবা**

‘রাজা’ নাটকে রূপক ও সংকেতের ব্যবহার বিষয়ে লেখো। ১০

**একক - ৪**

৪। “‘নবান্ন’ নাটক একইসঙ্গে দুর্গতি ও প্রতিরোধের নাটক” — মন্তব্যটি বিশ্লেষণ করো। ১০

**অথবা**

‘নবান্ন’ নাটকে প্রধান সমাদ্দার চরিত্রের অন্তর্দ্বন্দ্বের পরিচয় দাও। ১০

৫। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০ হবে) ৫×২= ১০

(ক) বাগবাজার অ্যামেচার থিয়েটার সম্পর্কে টীকা লেখো। ৫

(খ) “দেখুন, গিরীশমহিষী মেনকা সম্বৎসরের মধ্যে তাঁর উমার চন্দ্রানন কেবল তিনটি দিন বই দেখতে পান না” ১+১+৩  
- কে, কাকে, কোন্ প্রসঙ্গে একথা বলেছেন? প্রসঙ্গটি বিশ্লেষণ করো।

- (গ) “তুমি তো সুন্দর নও প্রভু, সুন্দর নও, তুমি অনুপম” - কে, কাকে একথা বলেছে ? কথাটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৪
- (ঘ) “তাও বেঁচে থাক বাবা ব্ল্যাকমার্কেট, বেঁচে থাক আমার মজুতদার, না হয় চতুর্গুণ পয়সা নেবে, জিনিষটি তো ঠিক পাওয়া যাবে” - সংলাপটির মধ্য দিয়ে একটি বিশেষ অর্থনৈতিক পরিস্থিতিতে একটি বিশেষ শ্রেণী-মানুষের অবস্থান ইঙ্গিতাবহ হয়েছে — ব্যাখ্যা করো। ৫

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (as in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

—x—